# আরডিএ ল্যাব. স্কুল এন্ড কলেজ, বগুড়া।

এস.এস.সি অফলাইন মডেল টেষ্ট-২০২১ ইং

বিষয়ঃ ব্যবসায় উদ্যোগ

বিষয় কোডঃ ১৪৩

সৃজনশীল প্রশ্ন

সময়ঃ ২.৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। আমিন একজন ফার্নিচার ব্যবসায়ী। তিনি কাঠ থেকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আসবাবপত্র তৈরি করেন। তার পণ্যের চাহিদার কারণে দূর দূরান্তে পণ্য পাঠাতে হয় এবং প্রচুর অর্থের প্রয়োজন হয়। এসমস্ত বাধা দূরীকরণে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলেন এবং সফল হলেন।

ক। পর্তুগীজরা চট্টগ্রামকে কী নামে ডাকতে? ১

খ। সেবা শিল্পের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ। আমিন এর কাজটি ব্যবসায়ের কোন ধরনের প্রকারভেদ? বর্ণনা কর। ৩

ঘ। আমিন এর সফলতার পেছনে কিসের ভূমিকা রয়েছে-বিশ্লেষণ কর। ৪

২। মানুষ আজন্ম পরিবেশ দ্বারা প্রভাবিত। তারা জীবনধারা, আচার-আচরণ, ধর্মীয় বিশ্বাস, শিক্ষা সংস্কৃতি ও অর্থনৈতিক কর্মকান্ডের গতি প্রকৃতি কিরূপ হবে তা পরিবেশই নির্দিষ্ট করে দেয়। আবার তার জ্ঞান বৃদ্ধি ও প্রভাব দ্বারা পরিবেশের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে প্রকৃতি ও পরিবেশকে স্বীয় কল্যাণে নিয়োজিত করার প্রয়াস পায়। জনাব জামাল তার পূর্ব পুরুষ যমুনা নদীর পাড়ে বসবাস করত এবং ফসলি জমি চাষাবাদ করে সংসার পরিচালনা করত। সম্প্রতি বন্যার কারণে চাষের জমি নদীগর্ভে বিলীন হওয়ায় জনাব জামাল মৎস্য শ্রমিক হিসেবে অন্যের নৌকায় কাজ করে জীবিকা নির্বাহ করছেন।

ক। ব্যবসায় পরিবেশ বলতে কি বোঝায়? ১

খ। রূপগত উপযোগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ। জনাব জামালের জীবিকার ওপর ব্যবসায়িক পরিবেশের কোন কোন উপাদান প্রভাব বিস্তার করছে তা বর্ণনা কর। ৩

ঘ। জনাব জামালের মৎস্য শ্রমিকে পরিণত হওয়ার ক্ষেত্রে পরিবেশের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। আরফিন মজুমদার একজন শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে ছোট পরিসরে ব্যবসায় শুরু করলেন। প্রথম দিকে তার ব্যবসায়ে পরিচালনাগত বিভিন্ন সমস্যার কারণে লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে একজন সফল ব্যবসায়ীতে পরিণত করলেন।

ক। ব্যবসায় উদ্যোগের ফলাফল কী? ১

খ। ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ২

গ। আরেফিন মজুমদারের মতো নতুন উদ্যোক্তরা ব্যবসায় পরিচালনা করতে গিয়ে সাধারণ কী কী সমস্যার সম্মুখীন হন? ৩

ঘ। ''ব্যবসায় প্রতিষ্ঠানকে লাভজনক করার ক্ষেত্রে উদ্যোক্তার ভূমিকাই মূখ্য"- উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪। হাঁস-মুরগী পালনে অনেক সমস্যার কথা জেনেও জনাব সাকিব একটি ফার্ম স্থাপন করলেন। কিছুদিন পর ফার্মে কিছু হাঁস-মুরগীর আকস্মিক মৃত্যুতে তিনি আর্থিক ক্ষতির সম্মুখীন হলেন। এরপরও তিনি ফার্ম চালিয়ে নেয়ার সিদ্ধান্ত নিলেন এবং একজন পশু চিকিৎসক নিয়োগ দিলেন। এতে তিনি সফলতা লাভ করেন।

ক। উদ্যোগ বিষয়ে সর্বপ্রথম ধারণা দেন কে? ১

খ। উদ্যোক্তার প্রশিক্ষণ কেন প্রয়োজন? ২

গ। উদ্যোক্তার কোন গুণটি সাকিবের মধ্যে প্রতিফলিত হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ। সাকিবের সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৫। শিক্ষিত যুবক আরিফ পর্যটন থেকে রান্নার ওপর প্রশিক্ষণ নিয়ে নিজস্ব চিন্তা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে ঢাকার খিলগাঁওয়ে একটি ফাস্ট ফুডের দোকান দেন। প্রতিষ্ঠানটি উন্নতি লাভ করায় তিনি আরো দুটি শাখা খোলার ও কর্মচারী নিয়োগের চিন্তাভাবনা করছেন।

ক। ব্যবসায়ে সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কী? ১

খ। আত্মকর্মসংস্থানকে বেছে নেওয়ার আগে কী কী লক্ষ্য নির্ধারণ করতে হবে? ২

গ। আরিফ নিজেকে কোন পেশায় নিয়োজিত করলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ। বর্তমান প্রেক্ষাপটে আরিফের পেশাটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬। প্রমিলা তার গ্রামের বাসার সামনে একটি টেইলারিং শপ দিতে চাচ্ছেন। এটা স্থাপন করার জন্য প্রশিক্ষণ প্রয়োজন। তাছাড়া অন্য কোনো ব্যবস্থায় করা যায় কি না তাও ভাবছেন।

ক। কর্মসংস্থান কত প্রকার? ১

খ। বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বেড়ে যাচ্ছে কেন? ব্যাখ্যা করো? ২

গ। প্রমিলা প্রশিক্ষণ নিয়ে যে চিন্তা করেন তার গুরুত্ব সম্পর্কে লিখ। ৩

ঘ। প্রমিলার ব্যবসায় ক্ষেত্রে কোন বিষয়গুলো বিবেচনা করা উচিত বলে তুমি মনে করো। ৪

৭। রাকিব সবচেয়ে প্রাচীন ও জনপ্রিয় ব্যবসায় সংগঠন পরিচালনা করেন। মাঝে মধ্যেই তাকে আর্থিক সংকটে পড়তে হয়। পরবর্তীতে রাকিব তার সুনাম ব্যবহার করে দুই বন্ধুর সাথে অন্য একটি ব্যবসায়ে চুক্তির ভিত্তিতে যুক্ত হলেন। তিনি দেখলেন এ ব্যবসায়ে ঝুঁকি কম, দায়িত্ব বন্টন ইত্যাদি সুবিধা রয়েছে।

ক। পাবলিক লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত? ১

খ। একমালিকানা ব্যবসায় সবচেয়ে জনপ্রিয় কেন? ২

গ। রাকিব কোন ধরনের অংশীদার? বর্ণনা কর। ৩

ঘ। রাকিবের বর্তমান ও পূর্বের ব্যবসায়িক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮। খুলনা শহরের সন্নিকটেই রফিক মিয়ার বাড়ি। স্থানীয় বাজার অনেক দূরে হওয়ায় রফিক মিয়া নিজেই স্বল্প ব্যাংক ঋণ নিয়ে একটি সবজির দোকান স্থাপন করলেন। একমাত্র দোকান হওয়ায় রফিক মিয়ার ব্যবসায়টিতে গ্রাহক বাড়তে থাকে। ব্যবসায়ের কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় তিনি একজন কর্মচারী নিয়োগ করলেন।

ক। কার্যারম্ভের অনুমতিপত্র প্রয়োজন কোন কোম্পানির? ১

খ। কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বোঝায়? ২

গ। মালিকানার ভিত্তিতে রফিক মিয়ার ব্যবসায়টির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ। ক্ষেত্র অনুযায়ী তুমি কী মনে করো রফিক মিয়ার ব্যবসায়টি সবচেয়ে জনপ্রিয়? মতামত দাও। ৪

৯। জনাব 'সাদ ফার্মাসিউটিক্যাল' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। ব্যবসায় পরিচালনা করার দক্ষতা ও অসাধারণ ব্যক্তিত্বের কারণে তিনি কর্মীদের কাছে আদর্শ। প্রতিষ্ঠানের কর্মীদের তিনি আদেশ দিয়ে নিয়মমাফিক কাজ করিয়ে নেন। কর্মীরা তার আদর্শকে পছন্দ করেন বলে শৃঙ্খলা মাফিক কাজ করেন।

ক। নেতা কে? ১

খ। নিয়ন্ত্রণ প্রতিষ্ঠানে কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ। উদ্দীপকে জনাব সাদের কার্যক্রমে কোন ধরনের নেতৃত্ব লক্ষণীয়? বর্ণনা কর। ৩

ঘ। 'আদর্শ নেতা কর্মীদের সম্পদে রূপান্তর করে'- উক্তিটির সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

১০। জনাব রিয়ান তার ব্যবসায়িকি কর্মকান্ড সম্প্রসারিত করার জন্য ব্যাংক থেকে ঋণ নিয়ে পরিকল্পনা অনুযায়ী কাজ শুরু করেন। অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে তিনি ব্যবসায়কে দ্রুত সম্প্রসারণ করেন এবং সফলতাও বাড়াতে থাকে।

ক। সংগঠন কী? ১

খ। অর্থায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ। জনাব রিয়ান কোন ধরনের উৎস থেকে অর্থ সংগ্রহ করেন তা বর্ণনা করো। ৩

ঘ। জনাব রিয়ানের মতো ব্যবসায়ীদের ব্যবসায় সম্প্রসারণে অর্থায়ন কী ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে করো। ব্যাখ্যা করো। ৪

১১। এ.জি. ফুডস তাদের উৎপাদিত পণ্য নিজস্ব পরিবহনের মাধ্যমে শহরের বিভিন্ন ডিসার্টেমেন্টাল স্টোরে সরবরাহ করে। পণ্যকে স্বাস্থ্যসম্মত রাখার জন্য তারা আকর্ষণীয় পলিপ্যাক ব্যবহার করে। পলিপ্যাকে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখসহ বিভিন্ন তথ্য তারা উল্লেখ করে। বর্তমানে তাদের উৎপাদিত পণ্যের চাহিদা ও সুনাম দিন দিন বেড়ে যাচ্ছে।

ক। ভোক্তা বিশ্লেষণ কী? ১

খ। প্রমিতকরণ ও পর্যায়িতকরণ কী? ব্যাখ্যা করো। ২

গ। উদ্দীপকে এ.জি. ফুডস পণ্য সরবরাহে কোন ধরনের বন্টন প্রণালি ব্যবহার করছে? বর্ণনা করো। ৩

ঘ। পণ্যের চাহিদা ও সুনাম বাড়াতে বিপণনের কোন কাজ ভূমিকা রেখেছে? এর যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

# আরডিএ ল্যাব. স্কুল এন্ড কলেজ, বগুড়া।

এস.এস.সি অফলাইন মডেল টেষ্ট-২০২১

বিষয়ঃ ব্যবসায় উদ্যোগ বিষয় কোডঃ ১৪৩

বহুনির্বাচনী প্রশ্ন

সময়ঃ ৩০ মিনিট [প্রতিটি প্রশ্নের উত্তর দাও] পূর্ণমানঃ ৩০×১=৩০

**১। ব্যবসায়ের উৎপত্তির মূল কারণ কোনটি?**
ক) মুনাফা অর্জন খ) শিল্পবিপ্লব
গ) মানুষের অভাববোধ ঘ) বাজার সৃষ্টি

**২। এটিএম-এর পূর্ণরূপ কী?**
ক) অটোমেটিক টেলার মেশিন খ) অটোমেটিক টেলার মানি
গ) অটোমেটেড টেলার মেশিন ঘ) অটোমেটো টেলার মানি

**৩। কী উদ্দেশ্যে যে কোন ব্যবসায় করার অধিকার সকলের রয়েছে-**
*i)* জীবিকা অর্জনের জন্য *ii)* মুনাফা অর্জনের জন্য
*iii)* অনুমোদন নেওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) *i* ও *ii* খ) *i* ও *iii* গ) *ii* ও *iii* ঘ) *i, ii,* ও *iii*

**৪। বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডের মাধ্যমে-**
*i)* অভাব পূরণ করা যায়
*ii)* অর্থ উপার্জন প্রচেষ্টায় জড়িত হওয়া যায়
*iii)* সভ্যতার বিকাশ ঘটানো যায়
নিচের কোনটি সঠিক?
ক) *i* ও *ii* খ) *i* ও *iii* গ) *ii* ও *iii* ঘ) *i, ii,* ও *iii*

**৫। ব্যবসায় উদ্যোগ এর ইংরেজী প্রতিশব্দ কী?**
ক) Entrepreneurshipness খ) Entrepreneurship
গ) Enterpreneur ঘ) Entrepreneur

**৬। উদ্যোক্তারা ভুল থেকে শিক্ষা গ্রহণ করেন কী উদ্দেশ্যে?**
ক) ভবিষ্যতে সফলভাবে ব্যবসায় পরিচালনার জন্য
খ) ভবিষ্যতে কম ভুল হবে সে জন্য
গ) ভবিষ্যতে ব্যবসায়ের উন্নতির জন্য
ঘ) নিজেকে সংশোধন ও আত্ম উন্নয়ন করার জন্য

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জামাল উদ্দিন একজন সফল উদ্যোক্তা। তিনি তার নিজ এলাকার কাঁচামাল ব্যবহার করে তৈরিকৃত কাগজ শিল্পের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রেখেছেন। তার কর্মকান্ড জাতীয় উৎপাদন ও আয় বৃদ্ধিতে সহায়তা করে।

**৭। জনাব জামাল উদ্দিনের কর্মকান্ডে কীভাবে জাতীয় উৎপাদন ও আয় বৃদ্ধি পায়?**
ক) প্রাকৃতিক সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে
খ) দেশের শিল্প ও ব্যবসায় সম্প্রসারণ করে
গ) অধিক হারে মূলধন বিনিয়োগ করে
ঘ) ভূমির সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করে

**৮। জনাব জামাল উদ্দিনের মতো উদ্যোক্তা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে পারেন-**
*i)* নতুন নতুন শিল্প ও ব্যবসায় প্রতিষ্ঠা করে
*ii)* প্রাকৃতিক সম্পদের সুষ্ঠ ব্যবহার করে
*iii)* কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
ক) *i* ও *ii* খ) *i* ও *iii* গ) *ii* ও *iii* ঘ) *i, ii,* ও *iii*

**৯। সাধারণ অর্থে, যেকোন কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?**
ক) শখ খ) শিল্প গ) ব্যবসায় ঘ) উদ্যোগ

**১০। বাংলাদেশ উন্নয়নশীল দেশ। এদেশে কাজের সুযোগ সৃষ্টি না হওয়ার কারণ কী?**
ক) জনসংখ্যার দ্রুত বৃদ্ধি খ) অর্থনৈতিক পশ্চাৎপদতা
গ) অপরিকল্পিত উন্নয়ন ঘ) উপরের সবগুলো

**১১। আত্মকর্মসংস্থান নয় কোনটি?**
ক) বিমা ব্যবসায় খ) লন্ড্রি গ) চুলকাটা ঘ) বৈদ্যুতিক মেরামত

**১২। আমাদের দেশে কোন ধরনের বেকারত্বের সংখ্যা প্রকট?**
ক) সাময়িক খ) পূর্ণকালীন গ) মৌসুমি ঘ) দীর্ঘকালীন

**১৩। প্রতিষ্ঠানের আবশ্যকীয় কর্তব্য কোনটি?**
ক) কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদান
খ) কর্মীদের উপরযুক্ত পারিশ্রমিক প্রদান
গ) কর্মীদেরকে চাকরির নিরাপত্তা প্রদান
ঘ) কর্মীদেরকে কাজের নিরাপত্তা প্রদান

**১৪। যুব প্রশিক্ষণ কোথায় কোথায় রয়েছে?**
ক) বিভাগীয় শহরে খ) প্রতিটি জেলায়
গ) প্রতিটি থানায় ঘ) প্রতিটি ইউনিয়নে

**১৫। একমালিকানা ব্যবসায়ের স্থায়িত্ব কার ওপর নির্ভরশীল?**
ক) সরকারের খ) মালিকের গ) নেতার ঘ) আইনের

**১৬। 'চূড়ান্ত সদ্বিশ্বাস' কথাটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য?**
ক) এক মালিকানা খ) অংশীদারি
গ) যৌথ মূলধনী ঘ) রাষ্ট্রীয় কারবার

**১৭। ভারতীয় উপমহাদেশে প্রথম কোম্পানি আইন পাস হয়?**
ক) ১৭৫০ সালে খ) ১৯৫০ সালে গ) ১৮৫০ সালে ঘ) ১৮৪৪ সালে

**১৮। Co-operative-এর বাংলা কী?**
ক) সমিতি খ) সততা গ) বিশ্বাস ঘ) সহযোগী

**১৯। বাংলাদেশ বস্ত্রকল সংস্থা কোন মন্ত্রণালয়ের অধীন?**
ক) জ্বালানি ও খনিজ মন্ত্রণালয় খ) শিল্প মন্ত্রণালয়
গ) যোগাযোগ মন্ত্রণালয় ঘ) অর্থ মন্ত্রণালয়

**২০। ব্যবস্থাপনা সংগঠনের উপাদান কোনটি?**
ক) ভবিষ্যৎ মূল্যায়ন খ) বিকল্প মূল্যায়ন
গ) কার্য বিভাজন ঘ) মান নির্ধারণ

**২১। মি. অজিত একটি কারখানা স্থাপনের পূর্বে বিভিন্ন বিষয় চিন্তা-ভাবনা করে কিছু সিদ্ধান্ত নিলেন। মি. অজিতের সিদ্ধান্তকে কী বলা যায়।**
ক) ব্যবস্থাপনা খ) পরিকল্পনা
গ) নির্দেশনা ঘ) ব্যবসায় নির্বাচন

**২২। কোন প্রকার নেতৃত্বে অধীনস্থরা অবাধ স্বাধীনতা ভোগ করে?**
ক) মুক্ত খ) গণতান্ত্রিক গ) স্বৈরতান্ত্রিক ঘ) আমলাতান্ত্রিক

**২৩। ব্যবসায়ের জীবন কোনটি?**
ক) মূলধন খ) অর্থ গ) হিসাব ঘ) ব্যবস্থাপনা

**২৪। মানব সভ্যতার শুরুতে ব্যবস্থাপনা ছিল-**
*i)* পরিবারভিত্তিক *ii)* দলভিত্তিক *iii)* ব্যক্তিগত
নিচের কোনটি সঠিক?
ক) *i* ও *ii* খ) *i* ও *iii* গ) *ii* ও *iii* ঘ) *i, ii,* ও *iii*

**২৫। ক্রয়ের ফলে ক্রেতা পণ্যের কী লাভ করেন?**
ক) স্বত্ব খ) লাইসেন্স গ) ঝুঁকি ঘ) প্যাটেন্ট

**২৬। পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে পণ্যদ্রব্য ক্রয় করে কে?**
ক) ভোক্তা খ) উৎপাদক গ) বিক্রেতা গ) বিজ্ঞাপনদাতা

**২৭। যে পণ্যের ক্ষেত্রে মোড়কিকরণ আবশ্যক-**
ক) কৃত্রিম খ) প্রাকৃতিক গ) শিল্পজাত ঘ) ধান

**২৮। বিজ্ঞাপনী ফলক দেখা যায় কোনটিতে?**
ক) টিভিতে খ) সিনেমা হলে
গ) রাস্তার পাশে ঘ) যাত্রীবাহী গাড়িতে

**২৯। "ধৈর্যশীলত" একজন বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি?**
ক) শারীরিক খ) মানসিক গ) নৈতিক ঘ) অন্যান্য

**৩০। বিপণনের মাধ্যমে উপযোগ সৃষ্টি হয়?**
*i)* সময়গত *ii)* স্থানগত *iii)* স্বত্বগত
**নিচের কোনটি সঠিক?**
ক) *i* ও *ii* খ) *i* ও *iii* গ) *ii* ও *iii* ঘ) *i, ii,* ও *iii*